

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ শয়ন ও নিদ্রার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পায়ের উপর পা রেখে চিৎ হয়ে গুবেন না

পায়ের উপর পা রেখে চিৎ হয়ে শুবেন না। বিশেষ করে লজ্জাস্থান বের হওয়ার আশক্ষা থাকলে, লুঙ্গি পরে একটি পা খাড়া রেখে হাঁটুর উপর অপর পা-টিকে চাপিয়ে শুবেন না। কেননা, পায়ের উপর পা চাপিয়ে শুতে আল্লাহর রাসুল (ﷺ) নিষেধ করেছেন।[1]

অবশ্য লজ্জাস্থান বের হওয়ার ভয় মোটেই না থাকলে পা দুটিকে লম্বা লম্বিভাবে বিছানায় ফেলে রেখে একটিকে অপরটির উপরে চাপিয়ে রেখে শোওয়া হারাম নয়। যেহেতু মহানবী (ﷺ) কখনো কখনো পায়ের উপর পা রেখে চিৎ হয়ে শুয়েছেন।[2] খলীফা উমার ও উসমান এইভাবে শুয়েছেন।[3]

## ফুটনোট

- [1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৩৭৬৬, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৯৯, তিরমিয়ী হা/২৭৬৭
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৯৬৯, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১০০ প্রমুখ
- [3]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৪৭৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=8074

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন